

ভাওয়াল কলেজের সম্মান শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের ভাওয়াল মির্জাপুর কলেজের ২০১৪-১৫ শিক্ষাবর্ষে অভিকৃত সম্মান ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন শনিবার অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে, কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত এক সভায় প্রধান অতিথি ছিলেন রাজশ্রীপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে ভাওয়াল কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. জাহাঙ্গীর হাসান পিএনপি। কলেজ অধ্যক্ষ মো. মাহমুদুল হকের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন কলেজের প্রতিষ্ঠাতা সম্পাদক ও ভাওয়াল মির্জাপুর ইউপি চেয়ারম্যান মো. মোশাররফ হোসেন দুলাল, কলেজ পরিচালনা পর্ষদের সদস্য মো. ফজলুল হক মুন্সি, শফিকুল ইসলাম, শাহজাহান সিরাজ, অধ্যাপক নওজেশ আলী, মো. আকবর আলী, আবদুল হাকিম, মোরশেদ আলম ও শিক্ষার্থী আনভীর প্রমুখ।